

## টিকা কোথায় নিতে হবে

যারা টিকা দিয়ে থাকেন:

- জিপি
- অ্যাবরিজিনাল চিকিৎসা সেবা কেন্দ্র
- স্থানীয় কিছু কিছু কাউন্সিল
- কোনো কোনো কম্যুনিটি স্বাস্থ্য কেন্দ্র

আপনার এলাকায় কী কী পরিষেবা পাওয়া যাবে সে সম্পর্কে যদি আপনি নিশ্চিত না হন তাহলে **1300 066 055** নম্বরে আপনার নিকটস্থ পাবলিক হেলথ ইউনিটের সাথে যোগাযোগ করুন।



অ্যাপ  
ডাউনলোড  
করুন...



টিকাদান সম্পর্কে আরও তথ্যের জন্য

[immunisation.health.nsw.gov.au](http://immunisation.health.nsw.gov.au) ওয়েবসাইট দেখুন

এবং সুবিধাজনক SAVE THE DATE ফোন অ্যাপটি ডাউনলোড করে  
কিংবা একটি প্যারসনালাইজড সিডিউল বা ব্যক্তিগত তালিকাটি প্রিন্ট  
করে টিকার তারিখটি সংরক্ষণ করে রাখুন।

রোগ বালাইকে দূরে রাখতে  
দেরী না করে টিকা দিন



## তথ্যাবলী

টিকা সবচেয়ে বেশী সুরক্ষা দেয় যদি তা সময়মত দেওয়া হয়। আপনার বাচ্চার গায়ের রং ফ্যাঁকাশে হয়ে গেলে টিকাদানে দেরী করা একটি স্বাভাবিক প্রতিক্রিয়া। কিন্তু বাস্তব সত্য হলো তাদের সর্দি কিংবা সামান্য ঠান্ডা লাগলেও তাদের টিকা দেওয়া যেতে পারে। গুরুতর রোগবালাই থেকে আপনার শিশুকে রক্ষা করতে সময়মত টিকা দেওয়া সবচেয়ে ভাল উপায়।

## কেন টিকা দিতে হবে

- গুরুতর রোগবালাই থেকে আপনার শিশুকে রক্ষা করার সবচেয়ে ভাল উপায় হলো টিকা দেওয়া।
- টিকা দেওয়ার মাধ্যমে আপনি কেবল আপনার শিশুকেই রক্ষা করছেন না বরং বৃহত্তর জনগোষ্ঠীকেও রক্ষা করছেন।
- যত বেশী লোক তাদের শিশুদের টিকা দেবে, তত বেশী আমরা টিকা দ্বারা প্রতিরোধযোগ্য রোগ নিয়ন্ত্রণ করতে সক্ষম হব।



## কখন টিকা দিতে হবে

নিউ সাউথ ওয়েলস্ ইম্যুনাইজেশন সিডিউল নিম্নোক্ত বয়সে শিশুদের টিকা দেওয়ার পরামর্শ দেয়:

- জন্মের সময়
- ৬ - ৮ সপ্তাহে
- ৪ মাস বয়সে
- ৬ মাস বয়সে
- ১২ মাস বয়সে
- ১৮ মাস বয়সে
- সাড়ে তিন থেকে ৪ বছর বয়সে

আপনার শিশুকে সময়মত টিকা দেওয়া জরুরী। সুতরাং আপনার ডাক্তার কিংবা টিকা প্রদানকারী প্রতিষ্ঠানের সাথে আগেই বুক করে একটি সাক্ষাৎকারের ব্যবস্থা করুন এবং টিকা প্রদানের তারিখটি লিখে রাখুন।



সুবিধাজনক **SAVE THE DATE** ফোন অ্যাপটি ডাইনলোড করুন কিংবা [immunisation.health.nsw.gov.au](http://immunisation.health.nsw.gov.au) ওয়েবসাইটে গিয়ে পার্সোনালাইজড সিডিউল বা ব্যক্তিগত তালিকাটি প্রিন্ট করে নিন।

## পার্শ্বপ্রতিক্রিয়া

টিকা নিরাপদ এবং কার্যকরী। টিকাদানে যেকোনো ঝুঁকির চেয়ে উপকারিতাই বেশী। তবে অন্যান্য ঔষধের মতো কখনও কখনও টিকার পার্শ্বপ্রতিক্রিয়া থাকে। সাধারণত এই পার্শ্বপ্রতিক্রিয়াগুলো ক্ষণস্থায়ী এবং মৃদু হয়, যার মধ্যে রয়েছে ইনজেকশনের জায়গাটিতে ব্যথা হওয়া, ফুলে যাওয়া এবং লাল হয়ে যাওয়া। গুরুতর পার্শ্বপ্রতিক্রিয়া খুবই কম ঘটে।

সম্ভাব্য পার্শ্বপ্রতিক্রিয়া নিয়ে যদি আপনার কোনো উদ্বেগ থাকে তাহলে আপনার ডাক্তার কিংবা টিকা প্রদানকারী প্রতিষ্ঠানের সাথে কথা বলুন।



## রেকর্ড রাখা

চাইল্ড কেয়ার, প্রিন্সুল এবং স্কুলে ভর্তির জন্য আপনাকে আপনার শিশুর টিকাদানের রেকর্ড জমা দিতে হবে। ইম্যুনাইজেশন হিস্ট্রি স্টেটমেন্ট সংগ্রহের জন্য 1800 653 809 নম্বরে ইম্যুনাইজেশন রেজিস্টারের সাথে যোগাযোগ করুন।

